দৈনিক
ইত্তেফাক

তারিখ 7 JUL 2008
পৃষ্ঠা ৩ কলাম ৫

# শিক্ষা সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগের দাবি

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষা সার্ভিস কমিশন গঠন করে যোগ্য শিক্ষক নিয়োগের দাবি জানিয়েছেন বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ। রবিবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত "শিক্ষার জন্যই শিক্ষাঙ্গন" শীর্ষক এক সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ এ দাবি জানান।

শিক্ষক নেতৃবৃন্দ বলেন, আমাদের দেশে শিক্ষার প্রসার ঘটলেও শিক্ষাঙ্গনে সন্ত্রাস, দুর্নীতি, মাদক, অপসংস্কৃতি ও অপরাজনীতির কারণে এর মান নিম্নমুখী। শিক্ষাঙ্গনগুলোতে সকল প্রকার বিশৃঙ্খলা, নৈরাজকতা ও রাজনৈতিক অনুপ্রবেশ দূর করে শিক্ষার সুষ্ঠু পরিবেশের জন্য "শিক্ষার জন্যই শিক্ষাঙ্গন" গড়ে তুলতে হবে। সম্মেলনে অধ্যাপক মনিরুজ্জামান মিঞা বলেন, রাজনৈতিক পৃষ্ঠপোষকতায় দেশের অনেক স্থানেই আইন লঙ্ঘন করে স্কুল কলেজ স্থাপন করা হয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানসহ অনেক প্রতিষ্ঠানেই মেধার চেয়ে রাজনৈতিক পরিচয়ে শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। তিনি শিক্ষা সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগ দেয়ার দাবি জানান।

মনিরুজ্জামান মিঞা আরো বলেন, কোচিং সেন্টারগুলো শিক্ষার পরিবেশ কলুষিত করছে। বিভিন্ন সংস্থার পক্ষ থেকে বলা হয়েছে প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় কোন কোন কোচিং সেন্টার জড়িত রয়েছে। সর্বশেষ শিক্ষা কমিশনের রিপোর্টে কোচিং সেন্টারগুলো উঠিয়ে দেয়ার সুপারিশ করা হয়েছে। অনুষ্ঠানে "শিক্ষার জন্য শিক্ষাঙ্গন" বিষয়ে জনমত গড়ে তুলতে দেশব্যাপী কর্মসূচি ঘোষণা করা হয়। কর্মসূচির মধ্যে রয়েছে ১৩ জুলাই যশোরে, ২২ জুলাই রাজশাহীতে, ৩০ জুলাই সিলেটে, ২ আগস্ট চট্টগ্রামে ও ৯ আগস্ট বরিশালে বিভাগীয় সম্মেলনের আয়োজন। সম্মেলনে অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যাপক মোহাম্মদ মাজহারুল হান্নান, কলেজ শিক্ষক সমিতির প্রতিষ্ঠাতা মহাসম্পাদক অধ্যাপক এম শরীফুল ইসলাম, অধ্যক্ষ হারুনুর রশিদ পাঠান, অধ্যক্ষ মুজিবর রহমান হাওলাদার, ড. এ কে এম আব্দুল্লাহ, অধ্যক্ষ তোফাজ্জল হোসেন আকন্দ, অধ্যক্ষ আব্দুল হালিম পাটোয়ারী প্রমুখ উপস্থিত ছিলেন।